



কক্সবাজারে হারিয়েছে শিশু সামিয়া মনি, সহযোগিতা চেয়ে কান্নায় ভেঙেছে মা



সংগৃহীত ছবি

কক্সবাজার শহরের আইবিপি রোডস্থ হাজী বিরিয়ানির সামনে থেকে হারিয়ে গেছে ৭-৮ বছরের শিশু সামিয়া মনি। সন্ধ্যা থেকে নিখোঁজ শিশুটির সন্ধান চেয়ে অসহায় মা রাস্তার ধারে বসে কাঁদছেন।

কক্সবাজার শহরের আইবিপি রোডস্থ হাজী বিরিয়ানির সামনে থেকে বুধবার সন্ধ্যা ৭টার দিকে নিখোঁজ হয়েছে শিশু সামিয়া মনি। বয়স আনুমানিক ৭-৮ বছর। নিখোঁজ হওয়ার পর রাত ২টায়, যখন শহর গভীর নিদ্রায়, তখন তার মা রাস্তায় বসে কাঁদছিলেন।

মায়ের কণ্ঠে ছিল একটাই আর্তনাদ,

“আমার মেয়েটাকে কেউ ফিরিয়ে দাও!”

সেখানে উপস্থিত হয়ে তার পাশে দাঁড়ান তানজিদুল ইসলাম, জুলাইয়ের কারানির্ঘাতিত ছাত্রদল নেতা। তিনি জানিয়েছেন, শিশুটি খুঁজে পেতে তৎপর এবং সকলের সহযোগিতা কামনা করছেন।

সামিয়া মনির পরিবার তার নিরাপত্তা ও সুস্থতার জন্য গভীরভাবে উদ্বিগ্ন। শিশুটির সন্ধান বা তথ্য থাকলে অবিলম্বে এই নম্বরে যোগাযোগ করার আহ্বান জানানো হয়েছে: 01804434555।